স্থদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং স্থবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ, রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রহ খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—ː○ː—

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**পক্ষাঘাতের তৈল ঔষধ**

এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মুল্য ১৬৲ ষোল টাকা

চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲

দশভুজা ঔষধালয়

মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই মাঘ বুধবার ১৩৫৩ ইংরাজী 22nd Jan. 1947 { ৩৫শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ষ্টংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারুইপুর, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই স্থচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য **“হিন্দুস্থানের”** কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই মাঘ বুধবার সন ১৩৫৩ সাল

## "প্রাণ রাখিতে সদাই যে প্রাণান্ত"

বাঙালীর চিরস্মরণীয় কবি স্বর্গীয় দ্বিজেন্দ্রলাল তাঁহার রচিত "পুনর্জ্জন্ম" নাটকে এই গানটী সন্নিবিষ্ট করিয়া গিয়াছেন। গানটী হাস্যরসাত্মক হইলেও এর ভিতর তলিয়ে দেখলে ভাবুক জন-গণের নিকট ইহা করুণ রসাত্মক বলিয়াই প্রতীয়মান হইবে। বিশেষ ক'রে আজ কালকার দিনে কবির এই গান যেন তাঁর ভবিষ্যৎ-বাণী বলিয়াই অনুমিত হয়। যাঁহারা গানটী জানেন না তাঁহারাও যাহাতে এটী সম্পূর্ণ উপলব্ধি করিতে পারেন, তজ্জন্য কবিবরের সুযোগ্য পুত্র শ্রীযুক্ত দিলীপকুমার রায় মহাশয়ের অনুমতিক্রমে নিম্নে উহা মুদ্রিত করিলাম—

"প্রাণ রাখিতে সদাই যে প্রাণান্ত!
জন্মিতে কে চাইতো যদি আগে সে তা জান্‌তো।
স্নানাদির পর নিত্য নিত্য,
ক্ষুধার জ্বালায় জ্বলে পিত্ত,
ভোজনে ব'সে চর্ব্বণ করতে হই পরিশ্রান্ত।
যদি বা খাই যথা সাধ্য,
খেলেই যায় ফুরায়ে খাদ্য,
পান্ত আন্‌তে লবণ ফুরায়; লবণ আন্‌তে পান্ত।
দিনে গা গড়াবা মাত্র,
বসে মাছি সর্ব্ব গাত্র
রাত্রে মশার ব্যবহার অভদ্র নিতান্ত।
বিয়ে করলেই পুত্রকন্যা,
আসে যেমন প্রবল বন্যা,
পড়াতে আর বিয়ে দিতে হই সর্ব্বস্বান্ত।
কিন্‌লে পরে কোনও দ্রব্য,
দাম চাহে যত অসভ্য,
রাস্তা জুড়ে ব'সে থাকে পাওনাদার দুর্দ্দান্ত।"

গানটী তখনকার অবস্থাহীনের জন্যই যেন লেখা হইয়াছিল। অসচ্ছল গৃহস্থের সঙ্গেই সবটা মিলে। অবস্থাপন্ন লোক তো পাওনাদার দেখলে, কন্যার বিয়ের খরচা, ছেলের পড়ার খরচা এ সবের জন্য অর্থের অভাবও বোধ করতেন না। অভাব যত ছিল গরীবের। ধনীর পক্ষে চিরদিনই শোনা যায়—"টাকা দিলে বাঘের দুধ মিলে।" আজ মিল্‌লেও মিলাতে পারবে না। প্রমাণ হলেই সাজা। পুরোণো কথাগুলিও যেন সব উল্‌টে গেছে। "যে খায় চিনি, যোগান তাকে চিন্তামণি।" আজ চিনি যোগান চিন্তামণির ক্ষমতার বাইরে। "পারমিট" না পেলে চিনি সংগ্রহও বে-আইনী। আজ 'প্রাণ রাখিতে সদাই যে প্রাণান্ত" ধনী দরিদ্র সকলের প্রতিই প্রযোজ্য।

---

## প্রাপ্ত

মাননীয় "জঙ্গিপুর সংবাদ" সম্পাদক মহাশয় সমীপেষু—

মহাশয়, আপনার পত্রিকার ১লা মাঘ তারিখের সংখ্যায় "সার্কেল অফিসার" শীর্ষক সম্পাদকীয় প্রবন্ধের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। আমি ধুলিয়ানে ধীরেন বাবুর বিদায়-অভিনন্দন-সভায় সরকারী কর্ম্মচারিবৃন্দকে লক্ষ্য করিয়া তাঁহাদের কর্ত্তব্য সম্বন্ধে কোনও উপদেশাত্মক মন্তব্য করি নাই। উক্ত সভায় জঙ্গিপুরের জনৈক প্রবীণ উকিল মন্তব্য করেন যে ধীরেন বাবু অনুন্নত শ্রেণীভুক্ত হিন্দু হওয়া সত্ত্বেও মুসলমানদের প্রতি সুবিচার করিয়াছেন। এই উক্তিতে প্রচ্ছন্ন ইঙ্গিত দেখা যায় যেন অন্যান্য হিন্দু অফিসার হিন্দু হওয়ার দরুণ মুসলমানদের প্রতি সুবিচার করেন না। আমি এই উক্তি পছন্দ করি নাই। যদি কেহ আমার সম্বন্ধে বলেন 'মুসলমান হইলেও লোকটী ভাল" তবে উহা আমি প্রশংসা মনে করিব না। সুতরাং উক্ত উক্তির প্রতিবাদ স্বরূপ আমি মন্তব্য করিয়াছিলাম যে সরকারী কর্ম্মচারিবৃন্দকে সরকারী কর্ম্মচারিই মনে করিতে হইবে—যে সমাজভুক্ত হউন না কেন। হিন্দু কর্ম্মচারী হইলেই মুসলমানদের প্রতি অবিচার করিবেন কিম্বা মুসলমান হইলেই হিন্দুর প্রতি অবিচার করিবেন ইহা কাহারও মনে করা সঙ্গত নহে। ধীরেন বাবুর চরিত্র সম্বন্ধে আমি বিশেষভাবে অবগত আছি। তাঁহার স্থানান্তর গমনে আমি ভ্রাতৃ-বিচ্ছেদের অনুরূপ ব্যথা অনুভব করিতেছি। একমাত্র ধীরেন বাবুর প্রতি সম্মান প্রদর্শন ব্যতীত ঐ দিন আমার ধুলিয়ানে যাওয়ার অন্য কোনও কারণ ছিল না। আপনার প্রবন্ধে কতকটা ভাব দেখা যায় যেন ধীরেন বাবুকে খাটো করাই আমার মন্তব্যের উদ্দেশ্য ছিল। সুতরাং আপনাকে বিস্তারিত জানাইবার জন্য এই পত্র লিখা হইল। ইতি—২০।১।৪৭

নিবেদক—কে, এ, হালিম, রঘুনাথগঞ্জ।

---

☞ ভাব ও অভাব ভাবুকের মনের জিনিস। সুতরাং মন্তব্য নিষ্প্রয়োজন। জং সং

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৩১শে জানুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

৪৭২ থাং ডিঃ লক্ষীনারায়ণ হালদার দেং নিয়াজ সেখ দিং দাবি ২৯।৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চাঁদপুর ১০ শতকের কাত ৪৲ আঃ ১০৲ থং ৪৩

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী ১৯৪৭

১৯৪৬ সালের ডিক্রীজারী

৮৪৮ থাং ডিঃ তারাপদ রায় দেং সুধীর কুমার রায় দিং দাবি ২২।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ১-৮২ শতকের কাত ৩৵৩ আঃ ৫৲ থং ১৩১

৮৪৯ থাং ডিঃ ঐ দেং ঝালন বিবি দিং দাবি ৫৪।/০ থানা ঐ মৌজে তেঘরী ১.৬১ শতকের কাত ৭।৵১১ আঃ ৮৲ থং ৫৮৬

৮৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০৵৯ মৌজাদি ঐ ১-৩২ শতকের কাত ৬৶১০ আঃ৲ ৭৲ থং ৫৮৯

৪১৬ থাং ডিঃ অমরনাথ খাঁ দিং দেং ইসপ ব্যাপারী দিং দাবি ৯০৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দুর্গাপুর ৬-৮৯ শতকের কাত ১২৸৶০ আঃ ১০৲ থং ৪

৩২১ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কৃষ্ণলাল মণ্ডল দাবি ২৩।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ৮৮ শতকের কাত ৫॥৶০ আঃ ১০৲ থং ৭৩৩

৭৭৪ থাং ডিঃ ঐ দেং সুরেন্দ্রচন্দ্র সাহা দাবি ৫৩৶০ থানা ঐ মৌজে মহম্মদপুর ৩-১৫ শতকের কাত ১০।৮ আঃ ২৫৲ থং ৬

৮৮৫ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং ইয়াতুল মণ্ডল দাবি ১০৫॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ৫-৮১ শতকের কাত ৩৬৸/০ আঃ ৫০৲ থং ৮৩১

৮৮৬ থাং ডিঃ ঐ দেং ইয়াতুল মণ্ডল দিং দাবি ৫১।৵৩ মৌজাদি ঐ ২ ৭৩ শতকের কাত ৮৸৶২॥ আঃ ২০৲ থং ৯২১

৭৯২ খাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দেং সরস্বতী দাসী দাবি ১৭৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ৬৩ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ২৮৪

৪৬৫ খাং ডিঃ কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দেং ওসমান সেখ দাবি ৬৪৶৬ থানা সুতী মৌজে জলঙ্গাপাড়া ৫-১০ শতকের কাত ৮৫৵/১০ আঃ ১০৲ খং ৩৩

৫২০ খাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ রায় দাবি ৪৪৫৵/৯ মৌজাদি ঐ ২-২২ শতকের কাত ৪৶২ আঃ ৮৲ খং ৭৫

৫৪২ খাং ডিঃ কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং বিষ্ণুপদ রায় দিং দাবি ৬৫৫/৩ থানা সুতী মৌজে জলঙ্গাপাড়া ৯-৩১ শতকের কাত ১০৲ আঃ ১০৲ খং ৭৬

৯০২ খাং ডিঃ ভজগোবিন্দ দাস দিং দেং উমাবালা দাসী দিং দাবি ১২৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৩ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ২৬৫ দখলীকার বসত প্রজা তদুপরিস্থিত বাড়ী ঘর মায় চাল, ছাপ্পর, চৌকাঠ, কপাট নওয়া জিম্বা জানালা ইত্যাদি সহ

৫৪ মর্গেজ ডিঃ বিপ্রদাস বন্দ্যোপাধ্যায় দেং হাফেজ সেখ দিং দাবি ১১৮৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ১৩৷০ জমির কাত ১৯৲১ পাই আঃ ২০৲ খং ২৪০

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই ফেব্রুয়ারী ১৯৪৭

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

১৭৩ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতো দেং গঙ্গানন্দিনী দাসী দিং দাবি ১৫৫/০ থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ১-১২ শতকের কাত ৫॥১০ আঃ ১০৲ খং ৬১৬

### ১৯৪৪ সালের ডিক্রীজারী

৪৯ মনি ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং সাজ্জাদ আলি মণ্ডল দিং দাবি ৩৬৩৬ থানা সুতী মৌজে গোপালনগর ৫/ জমির কাত ৩৫০ আঃ ২৫৲ খং ৯৫

### ১৯৪৬ সালের ডিক্রীজারী

৬৬৮ খাং ডিঃ কাম্পিল্যবাসিনী দেবী দেং দোস্তমহম্মদ সেখ দিং দাবি ২৬৷/৩ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ১০১ শতকের কাত ৫/৫ আঃ ৫৲ খং ৮৫৫

৫৭০ খাং ডিঃ দুকড়িচন্দ্র সিংহ দেং সুরেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ২০/৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৮৫ শতকের কাত ৯৷০ আঃ ১০৲ খং ১০৭৮

৪৯৬ খাং ডিঃ পার্ব্বতীচরণ রায় দেং নলিনাক্ষ সাহা দিং দাবি ৮৫৷৵০ থানা সাগরদীঘি মৌজে বুরুক ফতেপুর ৪-৬০ শতকের কাত ১৫৲ আঃ ৩০৲ খং ৭

৪৫৬ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতো দেং মতিউল্লা বিশ্বাস দাবি ১২/৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৬৪ শতকের কাত ২॥০ আঃ ৮৲ খং ৩৯৬

৪৯৫ খাং ডিঃ ঐ দেং নলিনীকুমার চৌধুরী দিং দাবি ১৩৫০ মৌজাদি ঐ ৪ ৮৬ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ৪০০

৩৩৩ খাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং সামসুল হক সরকার দিং দাবি ৬৬॥০ থানা সাগরদীঘি মৌজে লালিপালি ৮০ শতকের কাত ৪৷৵০ আঃ ১০৲ খং ৬২

৩৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৯৷৵৬ মৌজাদি ঐ ৮-৬৮ শতকের কাত ১৫৷/০ আঃ ২৫৲ খং ৫৮

৩৩৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫৫৵৬ মৌজাদি ঐ ২-১১ শতকের কাত ৬৶১৫ আঃ ১০৲ খং ৬৬

৩৩৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৩৶৯ মৌজাদি ঐ ৪-৪৯ শতকের কাত ২২৫৶১০ আঃ ১০৲ খং ৬০

৪২৮ খাং ডিঃ কাম্পিল্যবাসিনী দেবী দেং নলিনী কুমার চৌধুরী দিং দাবি ২৩৷/৩ থানা সাগরদীঘি মৌজে খারিওর ৭২ শতকের কাত ৩/১০ গণ্ডা আঃ ৫৲ খং ১১৩৫

৪২৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৵০ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ৫৵০ আঃ ৫৲ খং ১১৩৬

৫৭৮ খাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শিবদাসী দাসী দিং দাবি ১৪৩৬ থানা সাগরদীঘি মৌজে খাড়ুগ্রাম ২৮ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ খং ২৮৩

৫৭৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৬॥৶৬ মৌজাদি ঐ ৭-৮৭ শতকের কাত ২৯৫৵৩ আঃ ১৫০৲ খং ৬৩

৫৫৪ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জলিল সেখ দাবি ৩২৫৵৬ থানা সাগরদীঘি মৌজে গাদী ৫১ শতকের কাত ৩৶৯ আঃ ২৫৲ খং ১৯৯ রায়ত স্থিতিবান

৫২৩ খাং ডিঃ বংশীমোহন সেন দিং দেং ন কুমার নন্দী দাবি ১৭৫৬ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ৫৮ শতকের কাত ২৶০ আঃ ১০৲ খং ৯২৫

৩৭১ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং নেসমহম্মদ সেখ দাবি ৫৭৷৬ থানা সমসেরগঞ্জ মৌজে দোগাছী ২-২৬ শতকের কাত ৮৶৩ আঃ ২৫৲ খং ৬৭৬ রায়ত মোকররী

৩৬৭ খাং ডিঃ শ্যামাপদ চৌধুরী দিং দেং মহম্মদ হজরত আলি বিশ্বাস দিং দাবি ৯৯৫৫৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে সুকদেবপুর, শোভাপুর, আরাজি শোভাপুর, মহাশিংপুর, ১নং নাং ৮নং চক, নওদা রমানাথপুর, দৌলতপুর, দুলাহপুর, বিশবিঘী, আরাজি দুর্গাপুর, ঐ ২নং চক, জোতকাশী, জোতকাশী ২নাং ৫নং চক ৪৭৮৩/০ বিঘার কাত ৪৭০৫০ আঃ ২৫০৲

৫১৬ খাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং রাজনন্দিনী দাসী দাবি ১৫॥৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে মহিষাস্থলী ২-৫৪ শতকের কাত ৪৷/০ আঃ ১৫৲ খং ৬৫

৫১৭ খাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ সাহা দিং দাবি ২৭॥৶০ থানা ঐ মৌজে জয়কৃষ্ণপুর ১-৮ শতকের কাত ৬॥৵৮ আঃ ৫৲ খং ২৩৮

৫১৮ খাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ সাহা দাবি ৮॥৶৯ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ২৩৬

৫১৯ খাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ সাহা দিং দাবি ১৮॥৶০ মৌজাদি ঐ ৭১ শতকের কাত ২৷৵৬ আঃ ৫৲ খং ২৩৫

৪৯৯ খাং ডিঃ গোপালচন্দ্র দাস দিং দেং রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ২২৷৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে মহিষাস্থলী /৩ জমির কাত ৫০ আঃ ৫৲ খং ৩৫৩ রায়ত স্থিতিবান

৫০০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৷৬ মৌজাদি ঐ ৫০ জমির কাত ৩৫০ আঃ ৫৲ খং ৩৫২

৪৫৪ খাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং গুণেন্দ্রভূষণ ঘোষ দিং দাবি ৫৭৩৬ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১-২৯ শতকের কাত ৯৫৮ আঃ ২০৲ খং ১১৯৫

২৭৯ খাং ডিঃ রাজেন্দ্রনাথ তেওয়ারী দিং দেং জয়নাল বিশ্বাস দিং দাবি ২০/৬ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১.২॥০ জমির কাত ৪৷/৫ আঃ ৫৲ খং ৩১৭১

৫৮৩ খাং ডিঃ ইন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী দেং সৌরভিনী দাসী দিং দাবি ১৬৷৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে কুলি ১-৮৯ শতকের কাত ১॥০ আঃ ৫৲ খং ১৮৩৪

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।॰ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵॰ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১॰ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।


জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷॰ টাকা। নগদ মূল্য ৴॰ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




# স্ুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ